

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলানগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.২১৩.৯৯.০৭০.২০- ১৮৬৬

তারিখঃ ২৬.১০.২০২০ খ্রিঃ।

প্রতি

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ------(সকল)।

বিষয়ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় সকল জেলার রাস্তা উন্নয়ন, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর উৎপাদিত ৬০-৭০ গ্রেডের বিটুমিন ব্যবহার প্রসঙ্গে।

সূত্রঃ বিপিসি এর স্মারক নং- ২৮.০৩.০০০০.০২৩.০৩৭.০৩০.২০-৩৮১

তারিখঃ ০৭.১০.২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর বাংলাদেশের অন্যতম বৃহৎ অবকাঠামো বাস্তবায়নকারী সংস্থা। এলজিইডি প্রতি বছরে জাতীয় বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রায় ৭-৮% অর্থ ব্যয় করে থাকে। উক্ত ব্যয়ের প্রায় ৫০% অর্থ দ্বারা গ্রামীণ সড়ক উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের কাজ করে থাকে। রাস্তা উন্নয়ন কাজের একটি গুরুত্বপূর্ণ উপকরণ হচ্ছে বিটুমিন। এলজিইডি'র রেট সিডিউলের স্পেসিফিকেশনে ৬০-৭০ গ্রেডের বিটুমিন ব্যবহারের নির্দেশনা আছে। বাংলাদেশে মান সম্মত বিটুমিন প্রস্তুতকারী প্রতিষ্ঠান বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর উৎপাদিত ৬০-৭০ গ্রেডের বিটুমিন এর পুনঃনির্ধারিত বিক্রয় মূল্য সূত্রস্থ পত্রে জানানো হয়েছে, যা এলজিইডির ওয়েব সাইট www.lged.gov.bd তে দেয়া আছে।

এমতাবস্থায়, এলজিইডি'র রাস্তার উন্নয়ন, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর উৎপাদিত ৬০-৭০ গ্রেডের বিটুমিন পুনঃনির্ধারিত বিক্রয় মূল্যে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হল।

(মোঃ আব্দুর রশীদ খান)
প্রধান প্রকৌশলী

ফোনঃ ০২-৪৮১১২৫৭৬

ইমেইলঃ ce@lged.gov.bd

অনুলিপিঃ

- (১) মহাব্যবস্থাপক (হিসাব), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)।
- (২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বিভাগ, এলজিইডি, জেলাঃ.....।
- (৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী..... অঞ্চল, এলজিইডি, জেলাঃ.....।
- (৬) সেকশন ইনচার্জ, এমআইএস সেকশন, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- (৭) উপজেলা প্রকৌশলী, উপজেলাঃ....., জেলাঃ.....।